জয়পুরহাট পৌরসভা কার্যালয়
জয়পুরহাট।

স্মরক নং-জঃপৌঃস/প্রকৌঃ/২০১৯-২০২০/ ৩৪৯ তারিখ ঃ০৬/১০/১৯ ইং

## সভার নোটিশ

এতদ্বারা জয়পুরহাট পৌরসভার নারী ও শিশু বিষয়ক কমিটির সম্মানিত সদস্যগনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নিম্নোক্ত আলোচ্য সূচীতে আগামী ০৯/১০/২০১৯ তারিখ রোজঃ বুধবার সময়ঃ বেলা ১১.০০ ঘটিকায় পৌরসভা মিলনায়তনে নারী ও শিশু বিষয়ক কমিটির এক সভা অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো।

আলোচ্য সূচী ঃ

১। গত সভার কার্যবিবরণী পঠন ও দৃঢ়করণ প্রসঙ্গে।
২। অসহায় দুস্থ নারীদের মাঝে ঔষধ সহায়তা প্রদান বিষয়ে।
৩। দুস্থ নারীদের আর্থিক সাহায্য প্রদান বিষয়ে।
৪। বিবিধ।

(মোছাঃ ফেন্সী আরা)
সভাপতি
নারী ও শিশু বিষয়ক কমিটি
ও
কাউন্সিলর (সংরক্ষিত আসন)
জয়পুরহাট পৌরসভা।

প্রাপক ঃ

.......................................................

.......................................................

জয়পুরহাট পৌরসভা কার্যালয়
জয়পুরহাট।

## নারী ও শিশু বিষয়ক কমিটির সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ জনাবা ফেন্সী আরা, কাউন্সিলর (সংরক্ষিত-৩), জয়পুরহাট পৌরসভা।
সভার স্থান ঃ পৌর মিলনায়তন
তারিখ ঃ ০৯/১০/১৯ ইং
রোজ ঃ বুধবার।
সময় ঃ বেলা- ১১.০০ ঘটিকা

উপস্থিত সদস্যবৃন্দের নাম, পদবী ও স্বাক্ষর ঃ

| ক্রঃ নং | নাম | পদবী | কমিটিতে পদবী | উপস্থিতি স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | মোঃ মোস্তাফিজুর রহমান | মেয়র, জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ০২ | মোছাঃ রোজী বেগম | কাউন্সিলর (সংরক্ষিত-১), জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ০৩ | মোছাঃ শাম্মীম আজিজ | কাউন্সিলর (সংরক্ষিত-২), জঃপৌঃসঃ | সদস্য | স্বাক্ষরিত |
| ০৪ | মোঃ সাহেদুল আহ্সান সোহেল | কাউন্সিলর (সাধারন), ওয়ার্ড নং-২ ১, জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ০৫ | মোছাঃ ফেন্সীআরা | কাউন্সিলর (সংরক্ষিত-৩), জঃপৌঃসঃ | সভাপতি | স্বাক্ষরিত |

মোঃ হাসানুজ্জামান, বস্তি উন্নয়ন কর্মকর্তা, জয়পুরহাট পৌরসভা। অত্র কমিটির সাচিবিক দায়িত্ব পালন করেন।

অদ্যকার সভায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

১নং আলোচ্য বিষয় ঃ গত সভার রেজুলেশন পঠন ও অনুমোদন প্রসঙ্গে।

সিদ্ধান্ত ঃ সভায় উপস্থিত সকলের অবগতির জন্য গত সভার রেজুলেশন পাঠ করেন অত্র কমিটির সাচিবিক দায়িত্বে নিয়োজিত জনাব মোঃ হাসানুজ্জামান, বস্তি উন্নয়ন কর্মকর্তা, জয়পুরহাট পৌরসভা, বিভিন্ন বিষয় পর্যালোচনা অন্তে কোন রূপ সংশোধনী ছাড়াই তাহা সর্ব সম্মতিক্রমে গৃহীত হয়।

২নং আলোচ্য বিষয় ঃ অসহায় দুস্থ নারীদের মাঝে ঔষধ সহায়তা প্রদান বিষয়ে।

আলোচনাঃ সভাপতি মহোদয় বলেন আপনারা অবগত আছেন জয়পুরহাট পৌরসভা হতে প্রতিনিয়ত অসহায় দুস্থ নারীদের মাঝে ঔষধ সহায়তা প্রদান করা হয়। মেয়র মহোদয়ের নির্দেশনার প্রেক্ষিতে ঔষধ প্রাপ্তির ক্ষেত্রে যারা সরকারী হাসপাতালে ডাক্তার দেখাইয়ে ব্যবস্থাপত্র নিয়ে আসেন, তাদের ব্যবস্থাপত্র দেখে ঔষধ ক্রয় করে দেওয়া হয়। এছাড়া বিশেষ ক্ষেত্রে দুস্থ নারীদের জরুরী বা উন্নত চিকিৎসার প্রয়োজন হলে, পৌরসভা হতে চিকিৎসার জন্য আর্থিক সহায়তা দেওয়া হয়। GAP বাস্তবায়নের লক্ষ্যে পরিকল্পনা অনুযায়ী চলতি কোয়াটারে অসহায় নারীদের চিকিৎসা সহায়তা দেওয়ার জন্য মেয়র মহোদয়কে অনুরোধ জানালে, মেয়র মহোদয় সম্মতি প্রদান করে, দুস্থদের তালিকা দেওয়ার জন্য বলেন। বিষয়টি নিয়ে উপস্থিত সদস্যদের মাঝে বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্ত ঃ সরকারী হাসপাতালে চিকিৎসাধীন অসহায় দুস্থনারীদের ঔষধ ও আর্থিক সহায়তা প্রদানের জন্য, তাদের তালিকা প্রস্তুত করে মেয়র মহোদয়ের নিকট উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হলো।

৩ নং আলোচ্য সূচী। দুস্থ নারীদের আর্থিক সাহায্য প্রদান বিষয়ে ঃ-

আলোচনাঃ- GAP বাস্তবায়নের লক্ষ্যে ত্রৈমাসিক ভিত্তিতে বার্ষিক পরিকল্পনায় চলতি কোয়াটারে দুস্থদের আর্থিক সাহায্য প্রদানের জন্য ৫০,০০০/- (পঞ্চাশ হাজার টাকা) বরাদ্দ আছে। সে বরাদ্দ অনুযায়ী চলতি কোয়াটারে প্রতিটি ওয়ার্ড কাউন্সিলর এর সুপারিশের ভিত্তিতে এ কমিটির জ্ঞাতসারে দুস্থনারীদের আর্থিক সহায়তা দেওয়ার বিষয়ে কমিটির সদস্যগণ বিস্তারিত আলোচনা কালে এ কমিটির সদস্য

জনাবা মিসেস রোজী বেগম বলেন, দেখা যায় অনেক ক্ষেত্রে একই ব্যক্তি বারবার আর্থিক সাহায্যের জন্য আসছেন। তাই দুস্থ ব্যক্তি চিহ্নিত করে, বিভিন্ন প্রকার ছোট দোকান, গবাধী পশু, রিক্সা-ভ্যান প্রভৃতি সহায়তার মাধ্যমে সাবলম্বী করা যেতে পারে।

**সিদ্ধান্তঃ-** দুস্থ নারীদের আর্থিক সাহায্য করার লক্ষ্যে এ কমিটি সম্পৃক্ত করা এবং পৌর পরিষদের মাসিক সভায় দুস্থ ব্যক্তিদের এককালীন সহায়তার মাধ্যমে সাবলম্বী করা বিষয়ে বিস্তারিত আলোচনা করে হবে মর্মে সিদ্ধান্ত গ্রহন করা হয়।

অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোছাঃ ফেন্সী আরা)
সভাপতি
নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি
এবং কাউন্সিলর (সংরক্ষিত-৩)
জয়পুরহাট পৌরসভা।

স্মারক নং- জঃপৌঃসঃ/প্রঃকৌঃ/ ২০১৯-২০২০/ ৩৪৯ তারিখ ঃ ০৭/১০/১৯২০ইং

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলো ঃ**

১। মেয়র, জয়পুরহাট পৌরসভা।
২। জনাব/জনাবা ................................................................ সদস্য, নারী ও শিশু বিষয়ক কমিটি ও সম্মানিত কাউন্সিলর, সংরক্ষিত/সাধারণ আসন, জয়পুরহাট পৌরসভা।
৩। অফিস নথি।

(মোছাঃ ফেন্সী আরা)
সভাপতি
নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি
এবং কাউন্সিলর (সংরক্ষিত-৩)
জয়পুরহাট পৌরসভা।

# জয়পুরহাট পৌরসভা কার্যালয়
## জয়পুরহাট।

### নারী ও শিশু বিষয়ক কমিটি সভার উপস্থিত সদস্যগণের নাম, পদবী ও স্বাক্ষর ঃ

সভাপতি ঃ জনাবা ফেন্সী আরা, কাউন্সিলর (সংরক্ষিত-৩), জয়পুরহাট পৌরসভা।
সভার স্থান ঃ পৌর মিলনায়তন।
তারিখ ঃ ০৯/১০/২০১৯ ইং।
রোজ ঃ বুধবার।
সময় ঃ বেলা- ১১.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যবৃন্দের নাম, পদবী ও স্বাক্ষর ঃ

| ক্রঃ নং | নাম | পদবী | কমিটিতে পদবী | উপস্থিতি স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | মোঃ মোস্তাফিজুর রহমান | মেয়র, জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ০২ | মোছাঃ রোজী বেগম | কাউন্সিলর (সংরক্ষিত-১), জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ০৩ | মোছাঃ শাম্মীম আজিজ | কাউন্সিলর (সংরক্ষিত-২), জঃপৌঃসঃ | সদস্য | |
| ০৪ | মোঃ সাহেদুল আহ্সান সোহেল | কাউন্সিলর (সাধারন), ওয়ার্ড নং-১, জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ০৫ | মোছাঃ ফেন্সীআরা | কাউন্সিলর (সংরক্ষিত-৩), জঃপৌঃসঃ | সভাপতি | |
| ০৬ | মোঃ সেলিমুর রহমান বাবুল | প্যানেল মেয়র-০১ ও কাউন্সিলর (সাধারন), ওয়ার্ড নং-[illegible], জয়পুরহাট পৌরসভা | মেয়র কর্তৃক মনোনীত | |